তা সরল ধারণা। এখানে ধারণা মুদ্রণপূর্বক মুদ্রণভিত্তিক এবং মুদ্রণ ও ধারণার মধ্যে যে সম্পর্ক তা অনুরূপতার সম্পর্ক — স্পষ্টতার পার্থক্য হয়, ধারণা মুদ্রণের অনুরূপ এবং মুদ্রণও ধারণার অনুরূপ। কিন্তু মনুমেন্টের ওপর দাঁড়িয়ে কলকাতা নগরীকে দেখলে আমার যে মুদ্রণ হয় তা বাড়িঘর, রাস্তাঘাট খেলার মাঠ ইত্যাদি সমন্বিত এক জটিল মুদ্রণ এবং পরবর্তী কালে ঐ দৃশ্যের চিন্তা করলে আমার যে ধারণা হয় তা জটিল ধারণা। সম্ভবতঃই কেবল সরল ধারণা প্রসঙ্গেই হিউম ধারণামাত্রকেই মুদ্রণ ভিত্তিক বলেছেন, যেখানে মুদ্রণ ও ধারণার পারস্পরিক সম্পর্ক হল অনুরূপতার সম্পর্ক, কেবল সরল মুদ্রণ ও ধারণার ক্ষেত্রেই অভিজ্ঞতা নির্ধারিত হল — ধারণামাত্রই মুদ্রণের অনুলিপি (copy) এবং মুদ্রণ না হলে ধারণাও হয় না।

সমালোচনা।— A.J. Ayer তাঁর Hume গ্রন্থে মুদ্রণ ও ধারণা বিষয়ক মতবাদের সমালোচনা করে বলেন মুদ্রণগুলির সঙ্গে ধারণার পার্থক্য তার শক্তি বা উজ্জ্বলতার জন্য নয়, তাৎক্ষণিকতার (immediacy) জন্য। এই বৈশিষ্ট্যটির ফলেই স্মৃতির প্রতিরূপ বা কল্পনার বিষয় থেকে অনুভবজাত মুদ্রণকে ধারণার তুলনায় সজীবতর মনে হয়।

তাছাড়া Ryle তাঁর 'concept of mind' গ্রন্থে হিউমের মুদ্রণ ও ধারণার সম্পর্কের সমালোচনা করে বলেছেন যে অনুভবন বা প্রত্যক্ষ হল একজাতীয় যার দুটি প্রকার হল মুদ্রণ এবং মুদ্রণের প্রতিচ্ছবি। এই প্রতিচ্ছবিকে Ryle ভূত (ghosts) বলেছেন কারণ এই প্রতিচ্ছবিকে আমরা সরাসরি প্রত্যক্ষ করি না। তাঁর মতে, মুদ্রণ ও তার প্রতিরূপের কোনো নির্দিষ্ট সীমারেখা নেই এবং কোনো অনুভবন মুদ্রণ না ধারণা — সাধারণ পর্যবেক্ষণের সাহায্যে এই সমস্যার সমাধান হয় না।

হিউমের ব্যাখ্যাকার N.K Smith কে অনুসরণ করে J.N. Mohanty হিউমের Enquiry-র সূচনায় বলেছেন, মুদ্রণ ও ধারণার পার্থক্য হিউম যেভাবে দেখিয়েছেন তা ধারণার অর্থের ব্যাখ্যা দিলেও ধারণার নির্দেশ বা প্রসঙ্গের ব্যাখ্যা দিতে পারে না।

✱ হিউম কিভাবে মুদ্রণ ও ধারণার মধ্যে পার্থক্য করেছেন?

B.A. SEM-II/Hons/Module – 6

Ans:— লকের মতন হিউমও মনে করেন যে চিন্তার সমস্ত সব উপকরণই আসে অভিজ্ঞতা থেকে। তবে এই ব্যাপারে হিউম লকের পরিভাষা থেকে ভিন্ন পরিভাষা ব্যবহার করেছেন। লক মনে করেন, আমাদের চিন্তার উপকরণ হল ধারণা। হিউমের মতে, আমাদের চিন্তার উপকরণ ধারণা নয়, প্রত্যক্ষণ (Perception)। এই প্রত্যক্ষণকে দুটি শ্রেণীতে ভাগ করা চলে যথা— মুদ্রণ এবং ধারণা। হিউমের মতে, আমাদের সমস্ত জ্ঞানই আসে মুদ্রণ (impression) এবং ধারণা (idea) থেকে। তবে মুদ্রণ ও ধারণার মধ্যে কয়েকটি দিক থেকে পার্থক্য রয়েছে। যেমন—

প্রথমতঃ— স্পষ্টতার দিক থেকে পার্থক্য। — ~~হিউমের মতে~~ মুদ্রণ বা সংবেদন হল সজীব প্রত্যক্ষণ, আর ধারণা হল স্মৃতিতে আনীত মুদ্রণের অস্পষ্ট মানস-প্রতিরূপ। হিউমের ভাষায় "যখন আমি কিছু শুনি, অথবা দেখি, অথবা অনুভব করি, অথবা ভালবাসি, অথবা ঘৃণা করি, অথবা কামনা করি, অথবা ইচ্ছা করি, তখনকার সেই অপেক্ষাকৃত সজীব প্রত্যক্ষণই হল মুদ্রণ। আর ঐ সব মুদ্রণ সম্পর্কে যখন ~~আমি~~ পরবর্তীকালে চিন্তা করি বা তাদের স্মরণ করি, তখনকার সেই অপেক্ষাকৃত কম সজীব প্রত্যক্ষণ হল ধারণা।

দ্বিতীয়তঃ— ~~মুদ্রণ ও~~ কালগত দিক থেকে পার্থক্য। —

মুদ্রণ ও ধারণার মধ্যে হিউম আর এক উল্লেখযোগ্য পার্থক্যের উল্লেখ করেছেন, সেটি হল — মুদ্রণ হল ধারণার নিয়ত পূর্ববর্তী অর্থাৎ মুদ্রণ হল ধারণার ভিত্তি, ধারণামাত্রই মুদ্রণ-নির্ভর। আর মুদ্রণ মাত্রেই পরিণতি হল ধারণা। হিউম এখানে মুদ্রণ ও ধারণার মধ্যে এক প্রকার অনুরূপতার সম্বন্ধের উল্লেখ করে বলেছেন, 'প্রত্যেক সরল ধারণার সঙ্গে যেমন অনুরূপ মুদ্রণ যুক্ত থাকে, তেমনি আবার প্রত্যেক সরল মুদ্রণের সঙ্গে যুক্ত থাকে অনুরূপ ধারণা।

প্রসঙ্গত উল্লেখ্য, হিউম এখানে যে অনুরূপতা ~~অপ~~ সম্পর্কের উল্লেখ করেছেন তা কেবল সরল মুদ্রণ ও সরল ধারণা প্রসঙ্গেই বলেছেন, জটিল মুদ্রণ ও জটিল ধারণা প্রসঙ্গে নয়। লাল রঙের প্রত্যক্ষজনিত যে মুদ্রণ তা সরল মুদ্রণ এবং পরবর্তী কালে সেই রঙের যে চিন্তা অথবা স্মরণ

B.A. SEM–II Hons, module – 7

(*) কান্টের মতে পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণ কি সম্ভব?

OR

কান্টের দর্শনের কেন্দ্রীয় সমস্যা কি? ~~Sem – II~~

Ans:— গণিত এবং প্রাকৃতিক বিজ্ঞানের ক্ষেত্রে পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণের অস্তিত্ব বিষয়ে নিঃসন্দিগ্ধ হয়েই কান্ট এই প্রকার অবধারণ কীভাবে সম্ভব হল তা দেখাতে প্রয়াসী হয়েছেন। তিনি দেখিয়েছেন যে গাণিতিক অবধারণগুলি সংশ্লেষক এবং পূর্বতঃসিদ্ধ। যেমন 7+5=12 — এই বচনটি একাধারে সংশ্লেষক ও অভিজ্ঞতা-পূর্ব। এটি সংশ্লেষক, কারণ এর উদ্দেশ্য '7 আর 5'-এর মধ্যে বিধেয় '12' এর ধারণা নিহিত নেই। আবার '7' আর '5' সংখ্যাগুলিকে যতই বিশ্লেষণ করি না কেন, তার থেকে '12'—এর ধারণা লাভ করা যায় না। সুতরাং '7+5=12'— এই বচনে আমরা বিধেয় সম্পর্কে নতুন কিছু জানি। কাজেই এটি অভিজ্ঞতাপূর্ব সংশ্লেষক অবধারণ।

আবার বিশুদ্ধ পদার্থবিজ্ঞানেও পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণ পরিলক্ষিত হয়। 'সরলরেখা দুই বিন্দুর মধ্যবর্তী লঘুতম দূরত্ব তৈরি করে'— এটি সংশ্লেষক বচন, কারণ সরলরেখাকে বিশ্লেষণ করে কখনোই লঘুতম দূরত্বের ধারণালাভ করা যায় না। আবারও ইন্দ্রিয়ানুভবের মাধ্যমেই এই জাতীয় জ্ঞান পাওয়া যায়। সরলরেখার সম্বন্ধীয় এই জ্ঞানটি অভিজ্ঞতা-পূর্বও বটে, কারণ এই জ্ঞান আছে বলেই রেখার জ্ঞান ও পরিমাপের অভিজ্ঞতা সম্ভবপর হয়।

কান্টের মতে, বিশুদ্ধ বুদ্ধির কেন্দ্রীয় সমস্যাটি হল, অভিজ্ঞতা-পূর্ব সংশ্লেষক অবধারণ কিভাবে সম্ভবপর হয়? তাঁর পূর্বসূরীদের মধ্যে একমাত্র হিউমই এই সমস্যাটিকে কিছুটা উপলব্ধি করেছিলেন। তবে তিনিও সমস্যাটির সাধারণ রূপটিকে উপস্থাপিত না করে কেবলমাত্র কার্য-কারণতত্ত্বের জ্ঞানলাভের ক্ষেত্রে প্রয়োগ করেছিলেন। তিনি দেখিয়েছেন যে, কার্য-কারণ সম্পর্কের জ্ঞান অভিজ্ঞতাজাত হলেও মানুষ সংস্কার বা অভ্যাসবশতঃ (custom or habit) এটিকে অনিবার্য বলে মনে করে। তবে হিউম যদি সাধারণভাবে সমস্যাটি নিয়ে আলোচনা করতেন তাহলে তিনিও বুঝতে পারতেন যে গণিতের ক্ষেত্রেও এই জাতীয় অবধারণ সম্ভব।

আবার প্রাকৃতিক বিজ্ঞান (Natural science)-এর পদার্থবিদ্যার ক্ষেত্রেও অভিজ্ঞতাপূর্ব সংশ্লেষক অবধারণ লক্ষ্য করা যায়। যেমন জড়জগতের অবস্থার পরিবর্তনের মধ্যেও দ্রব্যের পরিমাণ অপরিবর্তিত থাকে — এই বচনটি সংশ্লেষক কেননা অপরিবর্তিত থাকার অর্থাৎ নিত্যতার ধারণা দৈশিক দ্রব্যের বিস্তৃতিসম্পন্ন ধারণায় নিহিত নেই। এটি অভিজ্ঞতা-পূর্ব অনিবার্য অবধারণও বটে, যেহেতু বস্তু সম্পর্কে এই পূর্বতঃসিদ্ধ জ্ঞানটি থাকার ফলেই অবশ্য বস্তুর অভিজ্ঞতা সম্ভব হয়।

কান্ট মনে করেন যে, নীতিশাস্ত্রের কতকগুলি বচনও পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক হতে পারে। যেমন- 'আমাদের কর্তব্যকর্ম নৈতিক নিয়ম দ্বারা নির্ধারিত' — এই নৈতিক বচনটি পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক। বচনটি সংশ্লেষক কেননা বচনটির নিষেধক বচন বা বিরোধী বচন সত্য হতে পারে আবার মিথ্যা হতে পারে কিন্তু স্ববিরোধী হয় না। কিন্তু বিশ্লেষক বচনের নিষেধক বচন স্ববিরোধী হয়। আবার বচনটি পূর্বতঃসিদ্ধ কেননা 'কী আমাদের করা উচিত' অর্থাৎ 'কর্তব্যকর্ম' বলতে এখানে বিশেষ কোন অবস্থাকে বা বচনকে ইঙ্গিত করা হয়নি, সেজন্যই বচনটি পূর্বতঃসিদ্ধ।
